শুক্রবার
সা প্তা হি ক
- রেজি নং : ডিএ-৬৩০০
- বর্ষ ৯
- সংখ্যা ১০
- ২২ জুলাই ২০২২
- ৭ শ্রাবণ ১৪২৯
- ২২ জিলহজ্ব ১৪৪৩
- পৃষ্ঠা 8 • মূল্য ৫ টাকা

চাকরির ডাক

সঠিক কর্মের সন্ধানে আমরা

পুরো সপ্তাহ জুড়ে সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠানের চাকরির সংক্রান্ত বিস্তারিত তথ্য জানতে চোখ রাখুন চাকরির ডাক পত্রিকায়

facebook.com/chakrirdak সরকারি মিডিয়া তালিকাভুক্ত বাংলাদেশের একমাত্র চাকরি সংক্রান্ত পত্রিকা www.chakrirdak.com

ঢাকা মেট্রোপলিটন পুলিশ

পদ সংখ্যা ২৪ জন

বিজ্ঞপ্তি নং-০১/২০২২ তারিখ-০৬/০৭/২০২২

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	২৩ জন	বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং তফসিল-২ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
২. ক্যাশিয়ার ৯৩০০-২২৪৯০/-	০১ জন	উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা অগ্রাধিকার।

বি.দ্র.ঃ যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন : ঢাকা বিভাগ- ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী ও শরীয়তপুর জেলা। ময়মনসিংহ বিভাগ- ময়মনসিংহ জেলা। চট্টগ্রাম বিভাগ- চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার,ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, লক্ষীপুর, ও রাঙ্গামাটি জেলা। রাজশাহী বিভাগ- রাজশাহী, জয়পুরহাট, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলা। রংপুর বিভাগ- লালমনিরহাট, নীলফামারী ও ঠাকুরগাঁও জেলা। খুলনা বিভাগ- খুলনা, মাগুরা, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া ও মেহেরপুর জেলা। বরিশাল বিভাগ- ভোলা জেলা। সিলেট বিভাগ- সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলা। এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় বাংলাদেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। **শর্তাবলী:** ০১/০৭/২০২২ খ্রি. তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে, বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

জাতীয় মানবাধিকার কমিশন

পদ সংখ্যা ০৭ জন

স্মারক নম্বর:৫৫.১২.০০০০.১০৭.১১.০০১.১৮(অংশ-০১)-৬৭৪ তারিখ-১৮/০৭/২০২২

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. গ্রন্থাগারিক ১৬০০০-৩৮৬৪০/-	০১ জন	তথ্য বিজ্ঞান, গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি এবং কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত।
২. ডাটা/এন্ট্রি কন্ট্রোল অপারেটর ৯৩০০-২২৪৯০/-	০২ জন	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩. অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	০৪ জন	এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত (word Processing/Data Entry Typist, ইত্যাদির ক্ষেত্রে গতি বাংলা ২০ ও ইংরেজি ২৫ শব্দ)।

বি.দ্র.ঃ ১নং ক্রমিকে বর্ণিত পদে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারেন। ২-৩নং ক্রমিকে বর্ণিত পদে জেলা কোটাপূর্ন থাকায় সাতক্ষীরা, বরিশাল, ভোলা, কুষ্টিয়া, চাঁদপুর, ময়মনসিংহ, দিনাজপুর, জামালপুর, গাইবান্ধা, নোয়াখালী, পঞ্চগড়, কিশোরগঞ্জ ও সিরাজগঞ্জ জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারেন। আবেদনকারীর বয়স ০১/০৭/২০২২খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে, শুধুমাত্র বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। জাতীয় মানবাধিকার

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

রংপুর ডেইরী এন্ড ফুড প্রোডাক্টস

পদ সংখ্যা ৯৫ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. রিজিওনাল সেলস্ ম্যানেজার	০৫ জন	ডিগ্রী/অনার্স যে কোন বিষয়। সেলস ও মার্কেটিং কাজে সংশ্লিষ্ট পদে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা।
২. টেরিটরি সেলস্ ম্যানেজার	১৫ জন	ডিগ্রী/অনার্স যে কোন বিষয়। সেলস ও মার্কেটিং কাজে সংশ্লিষ্ট পদে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।
৩. সেলস্ অফিসার	৭৫ জন	এস.এস.সি/ এইচ.এস.সি/ ডিগ্রী/অনার্স। সেলস ও মার্কেটিং কাজে অভিজ্ঞতা অগ্রাধিকার।

এরিয়ার নাম ঃ ১নং পদে- বাংলাদেশের যেকোন জেলা। ২নং পদে- শরিয়তপুর, মাদারীপুর, ফরিদপুর, রাজবাড়ী, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুড়া, গোপালগঞ্জ, যশোর, নড়াইল, সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, বরিশাল, সিলেট, নোয়াখালী ও গাজীপুর। ৩নং পদে-বাংলাদেশের যেকোন জেলা। অভিজ্ঞতার সনদ সহ পূর্নাঙ্গ জীবন বৃত্তান্ত নিয়ে আগামী ২০/০৭/২০২২ ইং থেকে ১৪/০৮/২০২২ ইং তারিখের মধ্যে নিম্ন লিখিত স্থানে সরাসরি উপস্থিত হয়ে সাক্ষাতকারের জন্য বলা । হলো। সময়- সকাল ১০টা হতে দুপুর ২টা (শুক্রবার ও সরকারী ছুটির দিন ব্যতিত)। সাক্ষাৎকারের স্থানঃ রংপুর ডেইরী এন্ড ফুড প্রোডাক্টস্ লিমিটেড, ২২/১৯ খিলজি রোড (শ্যামলী শিশু মেলার বিপরীত পার্শ্বে), মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। মোবাইল-০১৯৭৮ ০৯০৮২৩, ০১৯৭৮০৯০৯২১, ০১৯৭৮০৯০৯২২।

সূত্রঃ ১৮/০৭/২০২২ বাংলাদেশ প্রতিদিন পৃষ্ঠা-০৭

আকিজ গ্রুপে চাকরি

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
নিরাপত্তা প্রহরী (Security Guard) ১৫,০০০/-		অষ্টম শ্রেণি পাশ। উচ্চতা : ৫ ফুট ৫ ইঞ্চি। নিরাপত্তা প্রহরী হিসেবে ১ বছর কাজের অভিজ্ঞতা। আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার।

অন্যান্য সুযোগ-সুবিধা :উৎসব বোনাস, প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি। বয়স : সর্বোচ্চ ৩৫ বছর। বাংলাদেশের যে কোন স্থানে কাজ করার মানসিকতা থাকতে হবে। আবেদনকারীর পছন্দনীয় স্থানে নিয়োগ প্রদান করা হবে না। আগ্রহী প্রার্থীগণকে ১ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি এবং ফোন নম্বরসহ পূর্ণ জীবনবৃত্তান্ত, জাতীয় পরিচয়পত্র /জন্মসনদ, অভিজ্ঞতা ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপিসহ আগামী ২৩ জুলাই ২০২২, শনিবার, সকাল ১০ টায় সরাসরি সাক্ষাৎকারের জন্য আদ্-দ্বীন উইমেন্স মেডিকেল কলেজ (নিচ তলা), ২ বড় মগবাজার, ঢাকা-১২১৭- এ উপস্থিত থাকতে বলা হল।

সূত্রঃ ১৭/০৭/২০২২ বাংলাদেশ প্রতিদিন পৃষ্ঠা-০৭

পাঠক প্রতারণার হাত থেকে বাঁচুন

পাঠকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাজারে অনেক নিয়োগ সংক্রান্ত পত্রিকা পাওয়া যায়। যাতে প্রায় অধিকাংশ ভূয়া নিয়োগ বিজ্ঞপ্তি থাকে। ঐ সকল পত্রিকা কিনে হাজার হাজার টাকার প্রতারণাসহ জীবনের হুমকীর সম্ভাবনা আছে। একমাত্র **চাকরির ডাক** পত্রিকায় জাতীয় দৈনিক পত্রিকার সূত্র ছাড়া বা প্রতারণামূলক বিজ্ঞাপন ছাপানো হয় না। তাই **চাকরির ডাক** পড়ুন, প্রতারণার হাত থেকে বাঁচুন। নিজেকে প্রতিষ্ঠিত করুন।

জিল বাংলা সুগার মিলস

পদ সংখ্যা ৫৩ জন

সূত্র নং জিবাসুমি/সংস্থাপন নিয়োগ-পদোন্নতি /১৪/পার্টি-১৪/২০২২/৬৯ তারিখ-১৮/০৭/২০২২

নং, পদের নাম, বেতন ও শাখা	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. করণিক/জেষ্ঠ্য করণিক (প্রশাসন) ৯৭০০-২৩৪৯০/-	০১ জন	সকল বিভাগের মৌসুমী সমপদে (জাতীয় বেতন কমিশনের ১৬ ও ১৫ নং গ্রেডভুক্ত) কর্মরত কর্মচারীগণ আবেদন করতে পারবেন।
২. গ্রুপ হোল্ডার/ সিনিয়র গ্রুপ হোল্ডার ৯৭০০-২৩৪৯০/-	০১ জন	সকল বিভাগের মৌসুমী সমপদে (জাতীয় তেন কমিশনের ১৬ ও ১৫ নং গ্রেডভুক্ত) কর্মরত কর্মচারীগণ আবেদন করতে পারবেন।
৩. রেশন ক্লার্ক (প্রশাসন শাখা) ৯৩০০-২২৪৯০/-	০১ জন	সকল বিভাগের মৌসুমী সমপদে (জাতীয় বেতন কমিশনের ১৬নং গ্রেডভুক্ত) কর্মরত কর্মচারীগণ আবেদন করতে পারবেন।
৪. করণিক/জেষ্ঠ্য করণিক (হিসাব) ৯৭০০-২৩৪৯০/-	০৪ জন	সকল বিভাগের মৌসুমী সমপদে (জাতীয় বেতন কমিশনের ১৬ ও ১৫ নং গ্রেডভুক্ত) কর্মরত কর্মচারীগণ আবেদন করতে পারবেন।
৫. ক্যাশিয়ার গ্রেড-২ (হিসাব) ৯৭০০-২৩৪৯০/-	০২ জন	সকল বিভাগের মৌসুমী সমপদে (জাতীয় তেন কমিশনের ১৬ ও ১৫ নং গ্রেডভুক্ত) কর্মরত কর্মচারীগণ আবেদন করতে পারবেন।
৬. করণিক (হিসাব শাখা) ৯৩০০-২২৪৯০/-	০১ জন	সকল বিভাগের মৌসুমী সমপদে (জাতীয় বেতন কমিশনের ১৬নং গ্রেডভুক্ত) কর্মরত কর্মচারীগণ আবেদন করতে পারবেন।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

পদ সংখ্যা ২৩ জন

স্মারক নং: খুকৃবি/রেজিঃ কার্যা/প্রশাসন/নিয়োগ/২০/২০১৯/৯২২ তারিখ-১৮/০৭/২০২২

নং, পদের নাম, বেতন ও শাখা	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন শাখা), (গ্রেড-৩)	০১ জন	অর্থনীতি/প্রকৌশল/কৃষি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর বা সমমান ডিগ্রী। অতিরিক্ত পরিচালক পদে ৪ বছর এবং উপ-পরিচালকে ৪ বছরের অভিজ্ঞতাসহ পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে ১৫ বছরের অভিজ্ঞতা।
২. প্রধান প্রকৌশলী (প্রকৌশল দপ্তর) (গ্রেড-৩)	০১ জন	প্রকৌশল বিজ্ঞানে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। তত্ত্বাবধায়ক প্রকৌশল পদে ৫ বছরে এবং নির্বাহী প্রকৌশলী পদে ৫ বছরের অভিজ্ঞতাসহ প্রকৌশল সংক্রান্ত কাজে ১৫ বছরের অভিজ্ঞতা।
৩-৬. সহকারী অধ্যাপক (ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ-১), (কৃষি অনুষদ-৩) (এগ্রিকালচারাল ইকোনমিক্স অ্যান্ড এগ্রিবিজনেস স্টাডিজ অনুষদ-২) (সায়েন্স, সস্যাসাল সায়েন্স অ্যান্ড হিউমিনিটিজ অনুষদ-১) (গ্রেড-৬)	০৭ জন	অত্র বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে নিয়োগের জন্য নির্ধারিত সকল শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট বিষয়ে এমএস/এমএসসি/এমফিল ডিগ্রীসহ প্রভাষক হিসেবে ২ বছরের শিক্ষতার অভিজ্ঞতা। স্বীকৃত জার্নালে ২টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। কৃষি সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীকে অবশ্যই কৃষিবিদ হতে হবে। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের রেজিস্ট্রেশন থাকতে হবে।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

প্রমি এগ্রো ফুডস লিমিটেড

পদ সংখ্যা ১৬০ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. এরিয়া সেলস ম্যানেজার (এএসএম)	১০ জন	স্নাতক/স্নাতকোত্তর। খাদ্য পণ্য বিপণনকারী প্রতিষ্ঠানে সমমান পদে ৩-৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সঃ ২৭-৪০ বছর।
২. সেলস অফিসার (এসও)	১৫০ জন	এসএসসি/এইচএসসি। সমপদে ১ বছরের অভিজ্ঞতা। বয়সঃ ১৮-৩০ বছর।

আগ্রহী,পরিশ্রমী,উদ্যমী ও নতুন প্রার্থীরাও আবেদন করতে পারবেন। আগ্রহী চাকুরী প্রত্যাশীগনকে জীবন বৃত্তান্ত, দুই কপি পাসপোর্ট সাইজ ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি, জাতীয় সনদপত্র এবং অভিজ্ঞতার সনদের ফটোকপি সহ আগামী ১৯/০৭/২০২২ইং থেকে ১২/০৮/২০২২ইং পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৫টার মধ্যে ঢাকার প্রধান কার্যালয়ে উপস্থিত হয়ে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। **বিঃ দ্রঃ ঢাকা আব্দুল্লাহপুর কার্যালয়, বগুড়া, কিশোরগঞ্জ, বরিশাল, খুলনা, টাঙ্গাইল, রংপুর, যশোর, চট্টগ্রাম ও সিলেট এলাকায় নিম্নে উল্লেখিত ঠিকানায় আগামী ২২/০৭/২০২২, ২৯/০৭/২০২২, ০৫/০৮/২০২২ ও ১২/০৮/২০২২ ইং তারিখ শুক্রবার সমূহে সরাসরি সাক্ষাত্কার গ্রহন করা হবে। আব্দুল্লাহপুর, উত্তরা কার্যালয় ঃ** ৪৬, আব্দুল্লাহপুর, উত্তরা, ঢাকা-১২৩০। খন্দকার সি, এন, জি পাম্পের পিছনে। যোগাযোগের ঠিকানাঃ ০১৭৬২-৬৮২৯৭৫, ০১৭৬২-৬৮৩০১২, ০১৭১৩-২৪৭০১৬। **ঢাকা ঃ প্রধান কার্যালয়ঃ** ৪৮৭ গোবিন্দপুর, মৈনারটেক, উত্তরখান, ঢাকা-১২৩০। (উত্তরা আব্দুল্লাহপুর এর পূর্ব পাশের বেড়িবাঁধ রাস্তা হতে অটোবাইক যোগে মৈনারটেক "প্রমি" হেড অফিসে আসতে হবে) ০১৭৬২-৬৮২৯৭৫, ০১৭৬২-৬৮৩০১২, ০১৭১৩-২৪৭০১৬। **টাঙ্গাইল ঃ** শরীফ এন্টারপ্রাইজ, নাটিয়াপাড়া বাজার, দেলদুয়ার। মোবাঃ ০১৭৬২-৬৮২৫৫৪, ০১৭৬২-৬৮২৮০০। **কিশোরগঞ্জ ঃ** আজাদ ষ্টোর, পশু হাসপাতালের সামনে,

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

সাউথইষ্ট ব্যাংক লিমিটেড

নং, পদের নাম, বেতন	যোগ্যতা ও অভিজ্ঞতা
TRAINEE ASSISTANT OFFICER (CASH).	Graduate from any recognized educational institution having no 3rd Division/Class and GPA below 2.00 in the scale of 5.00 and CGPA below 2.25 in the scale of 4.00 in academic career.

Age: Not over 30 years as on June 30, 2022 and 32 years for the children of Heroic Freedom Fighters. COMPENSATION PACKAGE : The selected candidates shall be on probation for a period of 2 (two) years with a monthly consolidated salary of Tk. 26,000/- for the 1st year and Tk. 30,000/- for the 2nd year. After successful completion of probationary period, his/her services in the Bank will be confirmed and he/she will be absorbed as "Assistant Officer (Cash)" with gross salary of Tk. 36,000/- per month. The selected candidates shall have to sign a Bond on non-judicial stamp valuing Tk. 300/- to the effect that he/she shall serve the Bank for a minimum period of 3 years after completion of his/her probationary period with certain conditions. The selected candidates shall have to work in Cash Department at any Branch of the Bank. APPLICATION PROCEDURE : Eligible and interested candidates may apply online through www.southeast-bank.com.bd along with a scanned photograph (maximum 20 KB) and all scanned copies of the educational certificates using online application form by July 25, 2022. Only short-listed candidates shall be called for written test. Southeast Bank.

সূত্রঃ ১৫/০৭/২০২২ বাংলাদেশ প্রতিদিন পৃষ্ঠা-০৭

ইস্টার্ণ রিফাইনারী লি:

বিজ্ঞপ্তি নম্বর : ২৮.২৫.০০০০.০৫৩.১১.০০২.১০-১০ তারিখ-১৯/০৭/২০২২

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. মেডিকেল অফিসার ৩৫৫০০-৬০৭৭০/-	০১ জন	এমবিবিএস/সমমান। ক্লিনিকে বা হাসপাতালে ০২ বছরের চাকুরির অভিজ্ঞতা।
২. লিগ্যাল এন্ড এস্টেট অফিসার ২৩০০০-৫৫৪৭০/-	০১ জন	২য় শ্রেণির এলএলবি ডিগ্রি/২য় শ্রেণির সম্মানসহ এলএলএম ডিগ্রি। সংশ্লিষ্ট কাজে নির্বাহী/১ম শ্রেণির কর্মকর্তা পদে ৫ বছরের অভিজ্ঞতা।
৩. সিকিউরিটি অফিসার ২৩০০০-৫৫৪৭০/-	০১ জন	২য় শ্রেণির স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি। ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি/কাউন্টার সাবোটাজ/ কেপিআই-এ বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। সংশ্লিষ্ট কাজে নির্বাহী/ ১ম শ্রেণির কর্মকর্তা পদে ৫ বছরের চাকরির অভিজ্ঞতা।
৪. কোয়ালিটি কন্ট্রোল অফিসার ২৩০০০-৫৫৪৭০/-	০১ জন	২য় শ্রেণির বিএসসি কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ডিগ্রি। সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা।
৫. স্টোর অফিসার ২৩০০০-৫৫৪৭০/-	০১ জন	২য় শ্রেণির (সম্মান)সহ এমকম// এমএসএস ডিগ্রি। সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা।

বি.দ্র.ঃ ১নং ক্রমিকে বয়স : ৩২ বছর; ২-৫নং ক্রমিকের বয়স ৩০ বছর। শর্তাবলী : নিয়োগের ক্ষেত্রে কোম্পানির বিদ্যমান নিয়োগ নীতিমালা অনুসরণ করা হবে। জিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বিভাগ/শ্রেণি নির্ধারণের জন্য এতদবিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসরণ করা হবে। নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার কোনো পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি বা সমতুল্য জিপিএ গ্রহণযোগ্য হবে না। সকল পর্যায়ে শিক্ষাগত যোগ্যতার

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

প্রতিরক্ষা মন্ত্রণালয়

পদ সংখ্যা ১৫৩ জন

বিজ্ঞপ্তি নং-২৩.১৭.০০০০.০০১.০৪.০৪৪.২২-১৩১৬ তারিখ-০৬/০৭/২০২২

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. নিরাপত্তা উপ-পরিদর্শক (এসএসআই), ১১৩০০-২৭৩০০/-	০১ জন	স্নাতক বা সমমানের ডিগ্রি।
২. সহকারী অধীক্ষক ১১০০০-২৬৫৯০/-	০১ জন	স্নাতক বা সমমান এবং মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা।
৩. নক্সাকার গ্রেড-২ ১১০০০-২৬৫৯০/-	০৪ জন	দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট বিষয়ে ২ বৎসরের ট্রেড কোর্সে উত্তীর্ণ।
৪. উচ্চমান সহকারী ১০২০০-২৪৬৮০/-	০৭ জন	দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমান। কম্পিউটারে গতি ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ; এবং word processing সহ ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা।
৫. ক্যাশিয়ার ১০২০০-২৪৬৮০/-	০১ জন	বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি এবং মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা।
৬. পরিসংখ্যান সহকারী ১০২০০-২৪৬৮০/-	০১ জন	পরিসংখ্যান, গণিত বা অর্থনীতি বিষয়ে ২য় শ্রেণি বা সমমান সিজিপিএসহ স্নাতক ডিগ্রি।
৭. সাঁটমুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর ১০২০০-২৪৬৮০/-	১৮ জন	২য় শ্রেণি বা সমমান সিজিপিএতে স্নাতক ডিগ্রি। সাঁটলিপিতে গতি ইংরেজিতে ৭০ ও বাংলায় ৪৫ শব্দ। মুদ্রাক্ষরে গতি ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ; এবং কম্পিউটারে word processing সহ ই-মেইল, ফ্যাক্স দক্ষতা ও অভিজ্ঞতা।
৮. নক্সাকার গ্রেড-৩ ৯৭০০-২৩৪৯০/-	০২ জন	দ্বিতীয় বিভাগ বা সমমান জিপিএসহ এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং ২ বৎসর মেয়াদি ড্রফটম্যানশিপ কোর্সে উত্তীর্ণ।

এরপর শেষ পৃষ্ঠায় দেখুন

মিনিস্টার হাই-টেক পাক

পদ সংখ্যা ৫০ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
ম্যানেজার/অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার	৫০ জন	বিএ/স্নাতক/স্নাতকোত্তর। সংশ্লিষ্ট কাজে ৩-৫ বছরের অভিজ্ঞতা। বয়স: ৩০-৫৩ বছর।

বেতন: আলোচনা সাপেক্ষে। চাকরির ধরন: ফুল টাইম। প্রার্থীর ধরন: পুরুষ। কর্মস্থল: যে কোনো স্থান। আবেদনের নিয়ম: আগ্রহীরা jobs.bdjobs.com এর মাধ্যমে আবেদন করতে পারবেন। আবেদনের শেষ সময়: ০৩ আগস্ট ২০২২।

সূত্র: বিডিজবস ডটকম

আবুল খায়ের টোবাকো

নং, পদের নাম, বেতন	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. এ্যাসিস্ট্যান্ট মার্কেটিং অফিসার (AMO) ২২০০০-২৬০০০/-	স্নাতক/সমমান। FMCG সেলস/ প্রোডাক্ট কাজে অভিজ্ঞতা অগ্রাধিকার।

উপস্থিতির ঠিকানা	তারিখ ও সময়
আবুল খায়ের গ্রুপ, নাভানা এফ এস কসমো, বাড়ী # ৪/বি, রোড # ৯৪, ২য় তলা, গুলশান-২, ঢাকা-১২১২।	১৯/০৭/২০২২, ২৩/০৭/২০২২, ৩০/০৭/২০২২, ০৬/০৮/২০২২, ১৩/০৮/২০২২, সকাল ৯টা থেকে দুপুর ১২টা
আবুল খায়ের টোব্যাকো কোং লিঃ, হামিদা মঞ্জিল (২য় তলা), সিএন্ডবি রোড, বরিশাল।	২০/০৭/২০২২ সকাল ৯টা থেকে দুপুর ১২টা
আবুল খায়ের গ্রুপ, হোল্ডিং নং ৩৩/১, ওয়ার্ড নং-২০, শেখ পাড়া, বাগানবাড়ি রোড, খুলনা।	২৪/০৭/২০২২ সকাল ৯টা থেকে দুপুর ১২টা
আবুল খায়ের গ্রুপ, হাউস নং ২৫/২, করিম বক্স লেন, নতুন কমলাপুর, কুষ্টিয়া।	২৪/০৭/২০২২ সকাল ৯টা থেকে দুপুর ১২টা
আবুল খায়ের গ্রুপ, বাঁচতে শেখা, বিমান বন্দর রোড, আরবপুর, যশোর।	২৫/০৭/২০২২ সকাল ৯টা থেকে দুপুর ১২টা
আবুল খায়ের টোব্যাকো কোং লিঃ, মাটির ঢালি বিমান মোড়, ২য় বাইপাস, শাখারিয়া, বগুড়া।	২৮/০৭/২০২২ সকাল ৯টা থেকে দুপুর ১২টা
আবুল খায়ের টোব্যাকো কোং লিঃ, বাড়ি নং-১, রোড নং-১, মুলাটোল পাকার মাথা, রংপুর।	২৮/০৭/২০২২ সকাল ৯টা থেকে দুপুর ১২টা
আবুল খায়ের টোব্যাকো কোং লিঃ, বড় বনগ্রাম, খানকা শরীফ গেট শাহমখদুম, রাজশাহী।	৩০/০৭/২০২২ সকাল ৯টা থেকে দুপুর ১২টা

বি.দ্রঃ অন্যান্য যোগ্যতাঃ চটপটে, উপস্থাপনা দক্ষতা সম্পন্ন, সর্বোপরি প্রার্থীদের অবশ্যই Convincing ability থাকতে হবে ও মোটর সাইকেল চালনায় পারদর্শ হতে হবে। বয়সঃ ৩২ বছর। দায়-দায়িত্বঃ দায়িত্বপ্রাপ্ত এলাকায় নিজস্ব ব্র্যান্ডের কনজাম্পসন এবং মার্কেট শেয়ার উত্তরোত্তর বৃদ্ধির জন্য দায়বদ্ধ থাকবেন। কর্মস্থলঃ বাংলাদেশের যে কোন এলাকা। আগ্রহী প্রার্থীদের নিজ নিজ জীবনবৃত্তান্ত, দুই কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সহ উপরোক্ত ঠিকানায় উপস্থিত হয়ে সাক্ষাৎকারে অংশগ্রহনের জন্যে অনুরোধ করা যাচ্ছে। বি.দ্র.: প্রাথমিকভাবে নির্বাচিত এবং ১৪ দিনের ট্রেনিং প্রোগ্রাম সম্পন্নকৃত প্রার্থীগণকে কোম্পানির বিধি মোতাবেক Training Allowance প্রদান করা হবে।

সূত্রঃ ১৪/০৭/২০২২ইং প্রথম আলো পৃষ্ঠা-১১

কর্ণেল মালেক মেডিকেল কলেজ

পদ সংখ্যা ১৫ জন

স্মারক নং-কমামেক/প্রশাঃ/নিয়োগ/২০২২/৮৩০ তারিখ-২২/০৬/২০২২

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. ফার্মাসিস্ট ১২৫০০-৩০২৩০/-	০১ জন	এসএসসি/সমমান পাশসহ ফার্মাসিস্ট বিষয়ে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রী এবং বাংলাদেশ ফার্মাসিস্ট কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত।
২. হেলথ এডুকেটর ১২৫০০-৩০২৩০/-	০১ জন	বিজ্ঞান বা জীব বিজ্ঞান অনুষদভুক্ত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের সিজিপিএ।
৩. মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবঃ) ১২৫০০-৩০২৩০/-	০৪ জন	এসএসসি/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রী।
৪. মেডিকেল টেকনোল: (ফার্মাসিষ্ট) ১২৫০০-৩০২৩০/-	০১ জন	এসএসসি/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রী এবং বাংলাদেশ ফার্মাসিস্ট কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত।
৫. মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) ১২৫০০-৩০২৩০/-	০২ জন	এসএসসি/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রী।
৬. সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/-	০১ জন	স্নাতক ডিগ্রী/সমমান। সাঁটলিপিতে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ৭০ ও ৮০ শব্দের গতিসহ কম্পিউটারে বাংলা ২০ ও ইরেজীতে ৩০ শব্দের গতি থাকিতে হবে।

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

বিসিআইসিতে চাকরি

পদ সংখ্যা ৬২ জন

সূত্র নং-৩৬.০১.০০০০.১২৬.১১.৪০৪.২২/২২৬ তারিখ-২৯/০৬/২০২২

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা
সহকারী শিক্ষক, মান-২ (বাংলা-০৬, ইংরেজী-১০, গণিত-০৭, পদার্থবিদ্যা-০২, জীব বিজ্ঞান -০৪, রসায়ন-০৩, সাধারণ বিজ্ঞান-০৩, সমাজিক বিজ্ঞান-০৫, হিসাব বিজ্ঞান-০১, ব্যবসায় শিক্ষা-০৪, ইসলাম ধর্ম-০২, হিন্দু ধর্ম-০২, অর্থনীতি-০১, আইসিটি/কম্পিউটার শিক্ষা-০৭, ইতিহাস-০১, গার্হস্থ অর্থনীতি-০২, চারু/কারু-০১ ও শারীরিক শিক্ষা-০২) ১২৫০০-৩০২৩০/-	৬২ জন

আবেদনের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রী/সমমান। আইসিটি/কম্পিউটার শিক্ষা পদের জন্য আইসিটি কম্পিউটার বিজ্ঞান / বিএসসি ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/সমমান ডিগ্রীধারী হতে হবে। ইসলাম ধর্ম শিক্ষকের ক্ষেত্রে কামিল/সমমান শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে এবং ইসলামী আদর্শ তথা কোরআন সুন্নাহ ভিত্তিক জীবন আর্দশের অনুসারী হতে হবে। হিন্দু ধর্মের ক্ষেত্রে স্নাতক পাশসহ নিজ ধর্মের বিষয়ে অগাধ পান্ডিত্যের অধিকারী হতে হবে। সহকারী শিক্ষক (চারুকারুকলা) এর ক্ষেত্রে চারুকলায় স্নাতক ডিগ্রী। বিএড ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাবেন। শারীরিক শিক্ষা শিক্ষকের ক্ষেত্রে স্নাতক পাশসহ ফিজিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট হতে ডিপ্লোমা। **অনলাইনে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তগুলি অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ** আগামী ০৫ জুলাই, ২০২২ খ্রি. তারিখ থেকে অনলাইনে নিয়মাবলী অনুসরণ করে আবেদন ফরম পূরণ করা যাবে। নিয়মাবলী অনুসরণ

এরপর ৩য় পৃষ্ঠায় দেখুন

আকিজ হেলথকেয়ার এন্ড হাইজিন

নং, পদের নাম, বেতন	যোগ্যতা ও অভিজ্ঞতা
সেলস অফিসার (এসও)	উচ্চ মাধ্যমিক/স্নাতক পাশ। ১-৩ বছরের বাস্তব অভিজ্ঞতা। বয়সঃ ৪০ বছর (২৯/০৭/২০২২) পর্যন্ত।

দায়িত্ব ও কর্তব্যঃ রুট প্ল্যান অনুযায়ী কাজ করা। দোকানদারদের কাছ থেকে পণ্যের অর্ডার নেয়া। মাসিক সেলস রিপোর্ট তৈরি করা। মাসিক সেলস লক্ষ্যমাত্রা অর্জন করা। টয়লেট্রিজ, হেলথকেয়ার, হাইজিন, পণ্য যেমন- হ্যান্ড স্যানিটাইজার, ডিজইনফেক্টেড স্প্রে, এয়ার ফ্রেশনার, সাবান, ডিশ ক্লিনার, টয়লেট ক্লিনার, ডিটেরজেন্ট পাউডার ইত্যাদি পণ্যে অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে। **কর্মস্থলঃ** বাংলাদেশের যেকোনো স্থানে **বেতনঃ আলোচনা সাপেক্ষে। লক্ষ্য করুনঃ** প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের ইন্টারভিউ নেয়া হবে। ইন্টারভিউতে নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা নেয়া হবে এবং উভয়ক্ষেত্রে পাসকৃত প্রার্থীদের কোম্পানির নিয়ম অনুযায়ী বাংলাদেশের যেকোনো স্থানে পোস্টিং দেয়া হবে (সময় কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না)। আগ্রহী প্রার্থীদের পূর্ণ জীবনবৃত্তান্ত, প্রাতিষ্ঠানিক শিক্ষা সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবিসহ উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। **স্থান ঃ বগুড়া : আকিজ ফুড অ্যান্ড বেভারেজ লিঃ সিলিমপুর তিন মাথা বিশ্বরোড, বগুড়া। তারিখ ও সময় ২২/০৭/২০২২ (৯টা-১২টা) এবং ঢাকা : আকিজ ফুড অ্যান্ড বেভারেজ লিঃ, ১৩/১/ক, পান্থপথ, ঢাকা। তারিখ ও সময় : ২৯/০৭/২০২২(১০টা-২টা)।**

সূত্রঃ ১৮/০৭/২০২২ বাংলাদেশ প্রতিদিন পৃষ্ঠা-০৭

ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়

পদ সংখ্যা ০৩ জন

নং, পদের নাম, বেতন	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সহকারী শিক্ষক (গণিত) ১২৫০০-৩০২৩০/-	০১ জন	বিজ্ঞান(গণিত) বিভাগে স্নাতক ডিগ্রী, তবে শিক্ষা জীবনে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। সংগীতে দক্ষতা থাকলে তা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা।
২. সহকারী শিক্ষক (ইংরেজি) ১২৫০০-৩০২৩০/-	০১ জন	স্নাতক ডিগ্রী, স্নাতক পর্যায়ে তিনশত নম্বরের ইংরেজি বিষয় থাকতে হবে। সংগীতে দক্ষতা থাকলে তা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা।
৩. সহকারী শিক্ষক (চারু ও কারুকলা) ১২৫০০-৩০২৩০/-	০১ জন	স্নাতক ডিগ্রীসহ ১ বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট ইন ফাইন আর্টস ডিগ্রী। কম্পিউটারে দক্ষতা থাকলে তা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা।

দরখাস্তের শর্তাবলিঃ আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতা/ স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, বয়স(৩০-০৬-২০২২ তারিখে), জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা ও মোবাইলটেলিফোন নম্বর (যদি থাকে) উল্লেখ থাকতে হবে। ২. আবেদন পত্র মহাপরিচালক, বি আর আর আই, গাজীপুর বরাবরে লিখিত হতে হবে। আবেদন পত্রের সহিত মহাপরিচালক, ব্রি-গাজীপুর, বরাবর সহকারী শিক্ষক পদে ২০০/-টাকার পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে। সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ফটোকপি ও সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর একারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদন পত্রের সাথে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌর সভার মেয়র সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। আবেদন পত্র আগামী ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে বিদ্যালয় চলাকালীন সময়ে ডাক যোগে/সরাসরি কুরিয়ার সার্ভিসের মাধ্যমে (প্রতিদিন সকাল ৮,০০টা থেকে বেলা ২.০০টা) প্রধান শিক্ষকের দপ্তরে পৌঁছাতে হবে। শুধুমাত্র উপরোক্ত শর্তাবলী পূরণ হওয়া সাপেক্ষে উপযুক্ত প্রার্থীদেরকে প্রয়োজন মোতাবেক লিখিত পরীক্ষা, ক্লাশ ডেমোনেস্ট্রেশন ও মৌখিক সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। স্বাক্ষরিত/- (মোঃ বেলায়েত হোসেন), প্রধান শিক্ষক, ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১।

সূত্রঃ ১৭/০৭/২০২২ জনকন্ঠ পৃষ্ঠা-১২

আবশ্যক

আবশ্যক
বিধিমোতাবেক একজন করে পরিচ্ছন্নতাকর্মী, নিরাপত্তাকর্মী ও আয়া আবশ্যক। আগ্রহী প্রার্থীগণ ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র মোবাইল নম্বর এবং অফেরতযোগ্য ১০০০ টাকার পোস্টাল অর্ডারসহ বিজ্ঞপ্তি প্রকাশের ২০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে হবে। সভাপতি গভর্নিংবডি, চিকন্দী ইসলামিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর-চিকন্দী সদর, শরীয়তপুর।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

আবশ্যক
বৈরাগী বাজার সিনিয়র আলিম মাদ্রাসা, ডাকঘর-বৈরাগী বাজার, উপজেলা-বিয়ানীবাজার, জেলা-সিলেট ৩১৭০ এর জন্য বিধিমোতাবেক একজন উদ্যমী উৎসর্গীপ্রাণ আদর্শিক আত্মবিশ্বাসী উপাধ্যক্ষ, ১ জন নিরাপত্তাকর্মী, ১ জন আয়া, ২ জন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর আবশ্যক। যোগ্য প্রার্থীগণ প্রয়োজনীয় কাগজপত্রসহ বিজ্ঞপ্তির ১৫ দিনের মধ্যে অধ্যক্ষ বরাবর আবেদন করুন। অধ্যক্ষ-০১৭১১২৭১১৪৬।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

নিয়োগ বিজ্ঞপ্তি
সরকারী ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধিমোতাবেক হাটগাঙ্গোপাড়া ডিগ্রী কলেজ, বাগমারা, রাজশাহীর জন্য ১ জন ল্যাব সহকারী (পদার্থ বিজ্ঞান), ১০ জন ল্যাব সহকারী (উদ্ভিদ বিজ্ঞান) ও ১ জন নিরাপত্তাকর্মী আবশ্যক। জনতা ব্যাংক হাটগাঙ্গোপাড়া শাখার অনুকূলে ১০০০/- টাকার ব্যাংক ড্রাফট ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১৫ দিনের মধ্যে আবেদন করতে হবে। -অধ্যক্ষ।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

আবশ্যক
সরকারী বিধিমোতাবেক উত্তর হাজিপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, হাজিপুর, বেগমগঞ্জ, নোয়াখালীর জন্য শূন্যপদে অফিস সহকারীকাম কম্পিউটার অপারেটর, সৃষ্টপদে পরিচ্ছন্নতাকর্মী ও আয়া (মহিলা) একজন করে আবশ্যক। আগ্রহীরা বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করুন। সুপার, ০১৭২০১১৬০২৩।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

আবশ্যক
সাওরাইদ উচ্চ বিদ্যালয়, ডাকঘর-সাওরাইদ বাজার, উপজেলা-কালীগঞ্জ, জেলাগাজীপুরের জন্য শূন্যপদে সরকারী বিধিমোতাবেক একজন অফিস সহকারী কাম হিসাব সহকারী, এইচএসসি (ব্যবসায় শিক্ষা/সমমান) ৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটার ডিপ্লোমাধারী (ইংরেজীতে পারদর্শী) অগ্রাধিকার। নবসৃষ্ট শূন্যপদে একজন অফিস সহায়ক (জেএসসি/সমমান) এবং খন্ডকালীন একজন ইংরেজী শিক্ষক আবশ্যক। বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে আবেদন করুন। -প্রধান শিক্ষক, মোবাইল-০১৩০৯১০৯১৩৩।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

আবশ্যক
বিধিমোতাবেক পূর্বপোমকারা জিন্নুতিয়া মকবুল হোসেন কাদেরিয়া দাখিল মাদ্রাসার (এমপিওভুক্ত) ডাকঘর-বেড়াখলা, উপজেলা-ব্রাহ্মণপাড়া, জেলা-কুমিল্লার জন্য একজন সহ-সুপার নিয়োগ করা হইবে। সহ-সুপার পদে দাখিল মাধ্যমিক স্তরের শিক্ষকতার ১০ বৎসর অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীকে প্রয়োজনীয় কাগজপত্র ও দুই কপি ছবি এবং ১০০০/- টাকা সোনালী ব্যাংক অনলাইন নং ১৩০৪১০০০৬০৮৪২ নাম্বারে জমা দিয়ে জমারশিদ আবেদনের সাথে সংযুক্ত করে জমা দিতে হইবে। আবেদনের শেষ তারিখ০৫/০৮/২০২২ ইং। -সুপার।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

আবশ্যক
সরকারী নিয়োগ বিধিমোতাবেক এমপিওভুক্ত মালিবাগ কেরামতিয়া উচ্চ বিদ্যালয়, গ্রামঃ মালিবাগ, পোঃ বারপাড়া১৪০০, উপজেলাঃ বন্দর, জেলাঃ নারায়ণগঞ্জ শূন্যপদে অভিজ্ঞতাসম্পন্ন প্রধানশিক্ষক ১ জন, সহকারী প্রধান শিক্ষক ১ জন, ন্যূনতম জেএসসি বা সমমান পাশ নৈশপ্রহরী ১ জন, আয়া ১ জন এবং জনবল কাঠামো ২০২১ খ্রিঃ অনুযায়ী সৃষ্টপদে নিরাপত্তাকর্মী, পরিচ্ছন্নতাকর্মী ও অফিস সহায়ক, প্রতিপদে ১ জন করে নিয়োগ করা হবে। ২ কপি ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, প্রয়োজনীয় কাগজপত্র ও মোবাইল নম্বরসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে সভাপতি বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো। সভাপতি- ০১৩০৯-১১২৩৮১।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

নিয়োগ বিজ্ঞপ্তি
সর্বশেষ সরকারি বিধিমোতাবেক শাহবাজপুর আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়, ডাকঘর-পূর্বশাহবাজপুর (৩২৫৩), উপজেলাবড়লেখা, জেলা-মৌলভীবাজার-এর জন্য ০১ জন সহকারী প্রধান শিক্ষক, ০১ জন পরিচ্ছন্নতাকর্মী ও ০১ জন নৈশপ্রহরী আবশ্যক। আগ্রহী প্রার্থীগণ বিজ্ঞপ্তির ১৫ দিনের মধ্যে সোনালী ব্যাংক শাহবাজপুর শাখার অনুকূলে সহকারী প্রধান শিক্ষক পদে ২,০০০/- টাকার এবং অন্যান্য পদে ৫০০/- টাকার পে-অর্ডার (অফেরৎযোগ্য), পাসপোর্ট সাইজ ছবি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করুন। প্রধান শিক্ষক।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

আবশ্যক

নিয়োগ বিজ্ঞপ্তি
সর্বশেষ সরকারী বিধিমোতাবেক রশিদ দেওহাটা উচ্চ বিদ্যালয়, ডাকঘর-দেওহাটা, উপজেলা-মির্জাপুর, জেলা-টাঙ্গাইল এর জন্য সৃষ্টপদে ০১ (এক) জন কম্পিউটার ল্যাব আপারেটর নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র ও অগ্রণী ব্যাংক, মির্জাপুর শাখার অনুকূলে ১০০০/- টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফটসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে হবে।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

আবশ্যক
সরকারী বিধিমোতাবেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ইং (২৩ নভেম্বর ২০২০ ইং পর্যন্ত সংশোধিত) অনুসারে বাতাগ্রাম ইসলামিয়া দাখিল মদ্রাসা, পোঃ আলকরা, উপজেলাচৌদ্দগ্রাম, জেলা-কুমিল্লার জন্য শূন্যনবসৃষ্ট পদে একজন সহ-সুপার, একজন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, একজন নিরাপত্তাকর্মী, একজন পরিচ্ছন্নতাকর্মী, একজন নৈশপ্রহরী ও একজন আয়া আবশ্যক। আগ্রহী প্রার্থীদেরকে প্রয়োজনীয় কাগজপত্র ও ছবিসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে আবেদন করতে হবে। সভাপতি-০১৮৮৬২২৮৫২১।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

নিয়োগ বিজ্ঞপ্তি
সর্বশেষ সরকারি বিধিমোতাবেক ও বেসরকারি শিক্ষা। প্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী ফকিরবাজার হাই স্কুল এন্ড কলেজ, ডাকঘরঃ ফকিরবাজার, উপজেলাঃ বুড়িচং, জেলাঃ কুমিল্লার জন্য শূন্যপদে অধ্যক্ষ, আয়া, নৈশপ্রহরী, ল্যাব সহকারী (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে ০১ জন করে লোক নিয়োগ দেয়া হবে। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২০/০৮/২০২২ ইং তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে অধ্যক্ষ পদের জন্য ১০০০/- টাকা এবং অন্যান্য পদের জন্য ৫০০/-টাকার পে-অর্ডার সংযুক্ত করতে হবে। -অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ০১৮১৪২২৭৭৪৬।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

আবশ্যক
সরকারী বিধিমোতাবেক গাংগাইল ইমদাদুল উলুম দাখিল মাদ্রাসা, পোঃ বৌলাই, উপজেলা ও জেলা-কিশোরগঞ্জ এর জন্য শূন্যপদে সুপারিনটেনডেন্ট, নবসৃষ্ট পদে পরিচ্ছন্নকর্মী, নৈশপ্রহরী, আয়া, ল্যাব সহকারী পদে ১ জন করে। সুপার পদে ২০০০, পরিচ্ছন্নকর্মী, নৈশপ্রহরী, আয়া এবং ল্যাব সহকারী পদে ১০০০ টাকার অফেরৎযোগ্য পোস্টাল অর্ডার। প্রয়োজনীয় কাগজপত্রসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে সভাপতি রাবর আবেদন করতে হবে (আবেদনকৃতদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই)। -সভাপতি।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

আবশ্যক
সরকারি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধিমোতাবেক জালাল উদ্দিন ডিগ্রি কলেজ, বেগমগঞ্জ-৩৮২০, নোয়াখালীর জন্য শূন্যপদে অধ্যক্ষ (উচ্চ মাধ্যমিক এমপিও স্তর), দুইজন ল্যাব সহকারী (রসায়ন ও জীববিজ্ঞান) এসএসসি বিজ্ঞান এবং একজন নৈশপ্রহরী (অষ্টম শ্রেণি) আবশ্যক। উত্তরা ব্যাংক, বেগমগঞ্জ শাখায় অধ্যক্ষ পদের জন্য ২০০০/- টাকার এবং অন্যান্য পদের জন্য ৫০০/- টাকার ব্যাংক ড্রাফটসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে সভাপতি বরাবর আবেদন করুন। ল্যাব সহকারী ও নৈশপ্রহরী পদে পূর্বের আবেদনকারীদের পুনরায় আবেদন নিষ্প্রয়োজন। -সভাপতি।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

নিয়োগ বিজ্ঞপ্তি
বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সর্বশেষ-২০২১ জনবল কাঠামো অনুযায়ী পাটুলী উচ্চ বিদ্যালয়, বেলাব, নরসিংদীতে নবসৃষ্ট শূন্যপদে একজন কম্পিউটার ল্যাব অপারেটর, একজন পরিচ্ছন্নতাকর্মী ও একজন আয়া নিয়োগ করা হবে। প্রয়োজনীয় কাগজপত্র ও বিদ্যালয়ের অনুকূলে ১০০০/- টাকা ব্যাংক ড্রাফট, সোনালী ব্যাংক বেলাব, নরসিংদীসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে হবে। -প্রধান শিক্ষক।

সূত্র : ২০/০৭/২০২২ যুগান্তর

নিয়োগ বিজ্ঞপ্তি
পটুয়াখালী পৌরসভাধীন হাজী আক্কেল আলী হাওলাদার কলেজে ডিগ্রি পর্যায়ে (ননএমপিও) নিম্নবর্ণিত পদে লোক নিয়োগ করা হবে। পদের নাম : উপাধ্যক্ষ, শিক্ষাগত যোগ্যতা : স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি/সমমান। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ০৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি সমমান, অভিজ্ঞতা: সহকারী অধ্যাপক পদে ০৩ বছরের অভিজ্ঞতাসহ প্রভাষক পদে ১২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। কোনো তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। আগ্রহী প্রার্থীদের বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে অধ্যক্ষ বরাবর আবেদন করতে হবে। মোঃ মাসুদ আলম, অধ্যক্ষ, হাজী আক্কেল আলী হাওলাদার (ডিগ্রি) কলেজ, টাউন কালীকাপুর, পটুয়াখালী। মোবাইল : ০১৭১২-২৮৪৮৯৯।

সূত্র : ২০/০৭/২০২২ সমকাল

নিয়োগ বিজ্ঞপ্তি
সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১১ অনুসারে গুয়াগ্রাম উচ্চ বিদ্যালয় ডাকঘরঃ গুয়াগ্রাম, উপজেলা-কোটালীপাড়া, জেলাগোপালগঞ্জের জন্য সৃষ্ট শূন্যপদে ১জন পরিচ্ছন্নতাকর্মী, ১জন অফিস সহায়ক ও ১ জন আয়া আবশ্যক। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা জেএসসি/সমমান ও বয়স অনুর্ধ্ব ৩৫ বছর। আগ্রহী প্রার্থীদেরকে অগ্রণী ব্যাংক, কোটালীপাড়া শাখা, হিসাবের নাম-গুয়াগ্রাম উচ্চ বিদ্যালয়, সঞ্চয়ী হিসাব-০২০০০০৫৫৮৯৯৪৭ অনুকূলে অফেরতযোগ্য ২০০০/- টাকার ব্যাংকড্রাফট/পে-অর্ডার, ২কপি ছবি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করুন। প্রধান শিক্ষক০১৩০৯১০৯৫৫২।

আবশ্যক

সূত্র : ২০/০৭/২০২২ সমকাল

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি
বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী বেগম রাছুলজান আব্দুল বারী উচ্চ বিদ্যালয়, ডাকঘরঃ কালীঘাট, উপজেলাঃ শ্রীমঙ্গল, জেলাঃ মৌলভীবাজারের জন্য নিয়োগ বিধিমোতাবেক শূন্যপদে ১জন নিরাপত্তাকর্মী, ১ জন পরিচ্ছন্নতাকর্মী, ১জন আয়া, ১ জন অফিস সহায়ক আবশ্যক। আগ্রহী প্রার্থীগণ ৫০০/- টাকার ব্যাংকড্রাফট (অফেরতযোগ্য), ৩ কপি ছবি ও প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ মোবাইল নম্বর উল্লেখপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করুন। পূর্বে আবেদনকারীদের পুনরায় আবেদন নিষ্প্রয়োজন। -প্রধান শিক্ষক, ০১৬১১-৮৫৯৩২২।

সূত্র : ২০/০৭/২০২২ সমকাল

আবশ্যক
সরকারি নিয়োগবিধি মোতাবেক এমপিওভুক্ত মালিবাগ কেরামতিয়া উচ্চবিদ্যালয়, গ্রাম: মালিবাগ, পোঃ বারপাড়া-১৪০০, উপজেলা: বন্দর, জেলাঃ নারায়ণগঞ্জ শূন্যপদে অভিজ্ঞতাসম্পন্ন প্রধান শিক্ষক ১ জন, সহকারী প্রধান শিক্ষক ১ জন, ন্যূনতম জেএসসি বা সমমান পাস নৈশপ্রহরী ১ জন, আয়া ১ জন এবং জনবল কাঠামো ২০২১ খ্রিঃ অনুযায়ী সৃষ্টপদে নিরাপত্তাকর্মী, পরিচ্ছন্নতাকর্মী ও অফিস সহায়ক, প্রতি পদে ১ জন করে নিয়োগ করা হবে। ২ কপি ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, প্রয়োজনীয় কাগজপত্র ও মোবাইল নম্বরসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে সভাপতি বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো। -সভাপতি। ০১৩০৯-১১২৩৮১।

সূত্র : ২০/০৭/২০২২ সমকাল

আবশ্যক
সরকারি বিধিমোতাবেক সর্বশেষ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা২০২১ইং বিধিমোতাবেক পঞ্চসার ইউনিয়ন উচ্চ বিদ্যালয়, ডাকঘর: পঞ্চসার, উপজেলা মুন্সীগঞ্জ সদর, জেলা: মুন্সীগঞ্জ-এর জন্য শূন্যপদে ০১ জন কম্পিউটার ল্যাব অপারেটর নিয়োগ করা হবে। পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি, মোবাইল নম্বর প্রয়োজনীয় কাগজপত্রসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে হবে। -মোঃ তোফাজ্জল হসেন, প্রধান শিক্ষক।

সূত্র : ২০/০৭/২০২২ সমকাল

আবশ্যক
আবশ্যক: সরকারি বিধিমোতাবেক শত্রুজিৎপুর কালী প্রসন্ন মাধ্যমিক বিদ্যালয়, ডাকঘর-শত্রুজিৎপুর, উপজেলা-মাগুরা সদর, জেলা-মাগুরার জন্য শূন্যপদে একজন নৈশপ্রহরী আবশ্যক। আগ্রহী প্রার্থীদের ৫০০/টাকার (অফেরতযোগ্য) পোস্টালঅর্ডার নগদ টাকা ও প্রয়োজনীয় কাগজপত্রসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫দিনের মধ্যে আবেদন করতে হবে। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মোবাইল # ০১৭৩০৯২০১২০।

সূত্র : ২০/০৭/২০২২ সমকাল

আবশ্যক সংশোধনী
গত ০৬-০৭২০২২ তারিখ সমকালে প্রকাশিত আবশ্যক বিজ্ঞপ্তিতে কম্পিউটার ল্যাব অপারেটর এর ক্ষেত্রে শিক্ষাগত । যোগ্যতা ০৬ বছর মেয়াদি কম্পিউটার ডিপ্লোমধারীর স্থলে ০৬ মাস মেয়াদি হবে। অন্যান্য যোগ্যতা অপরিবর্তিত থাকবে। আবেদনের শেষ সময় ২৫-০৭-২০২২। -প্রধান শিক্ষক, সিংহেরকাঠী বহুমুখী উচ্চ বিদ্যালয়, বরিশাল সদর, বরিশাল।

সূত্র : ২০/০৭/২০২২ সমকাল

নিয়োগ বিজ্ঞপ্তি
সরকারি বিধিমোতাবেক বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান জনবল কাঠামো ও সর্বশেষ এমপিও নীতিমালা অনুযায়ী বাড়ইপাড়া দাখিল মাদ্রাসা, ডাকঘর: যদুনাথপুর, উপজেলাঃ ধনবাড়ী, জেলা: টাঙ্গাইলের জন্য শূন্যপদে একজন সহকারী সুপার নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীদেরকে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫দিনের মধ্যে ২কপি ছবি, অগ্রণী ব্যাংক ধনবাড়ী শাখা, টাঙ্গাইলের অনুকূলে ১০০০/- টাকার অফেরতযোগ্য ব্যাংকড্রাফট ও প্রয়োজনীয় কাগজপত্রসহ সুপার বরাবর আবেদন করুন। -সুপার।

সূত্র : ২০/০৭/২০২২ সমকাল

নিয়োগ বিজ্ঞপ্তি
সরকারি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধিমোতাবেক ধোকড়াকুল ডিগ্রি কলেজে শূন্যপদে অধ্যক্ষ নিয়োগ দেওয়া হবে। ২ কপি ছবি, সকল সনদের সত্যায়িত কপি এবং প্রয়োজনীয় কাগজপত্র ও সোনালী ব্যাংক হতে সভাপতি, ধোকড়াকুল ডিগ্রি কলেজ, পুঠিয়া, রাজশাহীর অনুকূলে ১০০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য)সহ গভর্নিং বডির সভাপতি বাবর বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে আবেদনপত্র নিম্ন ঠিকানায় পৌঁছাতে হবে। উল্লেখ্য যে, গত ৩০/০৯/২০২০ খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক যারা উক্ত পদে আবেদন করেছেন তাদের শুধু আবেদনপত্র পৌঁছাতে হবে, ব্যাংক ড্রাফট ও অন্যান্য কাগজপত্র প্রয়োজন নেই। এ ছাড়া ২৮/০৩/২০২১ খ্রিঃ তারিখের জনবল কাঠামো অনুযায়ী ১ জন ল্যাব সহকারী (পদার্থবিজ্ঞান) ও ১ জন ল্যাব সহকারী (উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান) নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীগণকে ২কপি ছবি, বিজ্ঞান বিভাগ হতে ২য় বিভাগ/সমমানের জিপিএ প্রাপ্ত এসএসসি সনদের সত্যায়িত কপি এবং প্রয়োজনীয় কাগজপত্র ও সোনালী ব্যাংক হতে অধ্যক্ষ, ধোকড়াকুল ডিগ্রি কলেজ, পুঠিয়া, রাজশাহীর অনুকূলে ৫০০/- টাকার ব্যাংকড্রাফট পে-অর্ডার (অফেরতযোগ্য)সহ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) বরাবর আবেদনপত্র আগামী ১৫ দিনের মধ্যে নিম্ন ঠিকানায় পৌঁছাতে হবে। -সভাপতি, ধোকড়াকুল ডিগ্রি কলেজ, পুঠিয়া, রাজশাহী।

আবশ্যক

সূত্র : ২০/০৭/২০২২ সমকাল

আবশ্যক
সরকারি বিধিমোতাবেক তেজখালী ইউনিয়ন উচ্চ বিদ্যালয়, ডাকঘর: তেজখালী, উপজেলা: বাঞ্ছারামপুর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া এর জন্য শূন্যপদে একজন প্রধান শিক্ষক, ২০২১ এর এমপিও নীতিমালা অনুযায়ী জনবল কাঠামো শূন্যপদে একজন কম্পিউটার ল্যাব অপারেটর আবশ্যক। আগ্রহী প্রার্থীগণকে প্রধান শিক্ষক পদে ১০০০ টাকা এবং কম্পিউটার ল্যাব অপারেটর পদে ৫০০ টাকার ব্যাংক ড্রাফট ও প্রয়োজনীয় কাগজপত্রসহ বিজ্ঞপ্তি প্রকাশের ২০ দিনের মধ্যে সভাপতির বরাবর আবেদন করুন।

সূত্র : ১৯/০৭/২০২২ যুগান্তর

আবশ্যক
বিক্রমপুর আদর্শ কলেজে সরকারী বিধিমোতাবেক শূন্যপদে ১ জন নিম্নমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর আবশ্যক। উক্ত পদের জন্য ৩০০/(তিনশত) টাকার পোস্টাল অর্ডার, ২ কপি ছবি ও সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপিসহ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ০৭/০৮/২০২২। অধ্যক্ষ, বিক্রমপুর আদর্শ ডিগ্রী কলেজ কুচিয়ামোড়া, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

সূত্র : ১৯/০৭/২০২২ যুগান্তর

আবশ্যক
রাজরাণী সুভাষিণী বালিকা উচ্চ বিদ্যালয় ডাকঘরকালিয়ারভাঙ্গা, উপজেলা-নবীগঞ্জ, জেলা-হবিগঞ্জ এর জন্য সরকারি। বিধিমোতাবেক (এমপিও নীতিমালা ২০২১ অনুযায়ী) সৃষ্টপদে একজন কম্পিউটার ল্যাব অপারেটর এবং অষ্টম শ্রেণী পাশ একজন নিরাপত্তাকর্মী আবশ্যক। আগ্রহী প্রার্থীরা বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ কম্পিউটার ল্যাব অপারেটর পদে ৫০০/- টাকা এবং নিরাপত্তাকর্মী পদে ৩০০/- টাকার ব্যাংক.ড্রাফটসহ প্রধান শিক্ষক বরাবর আবেদন করুন। -প্রধান শিক্ষক, মোবাইল-০১৭১৮৪৭৮৩২৮।

সূত্র : ১৯/০৭/২০২২ যুগান্তর

নিয়োগ বিজ্ঞপ্তি
জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী হাজী আক্রামউদ্দিন স্কুল এন্ড কলেজ, পোঃ আহাম্মদনগর, উপজেলাঃ কুমিল্লা সদর দক্ষিণ, জেলাঃ কুমিল্লা এর স্কুল শাখায় এমপিওভুক্ত সৃষ্টপদে ০১ জন নিরাপত্তাকর্মী ও ০১ জন আয়া নিয়োগ দেয়া হবে। আগ্রহী প্রার্থীকে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে ইউনিয়ন ব্যাংক লিঃ কুমিল্লা শাখার অনুকূলে ৩০০/- টাকার ব্যাংক ড্রাফট, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের কপি ও ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সভাপতি বরাবরে আবেদন করতেহবে। অধ্যক্ষ, ০১৭১১-১২৩৩৯৮, ০১৩০৯-১০৫৭০৮।

সূত্র : ১৯/০৭/২০২২ যুগান্তর

আবশ্যক
সরকারী বিধিমোতাবেক মদনপুর রিয়াজুল উলুম আলিম মাদরাসা, পোঃ-মদনপুর, উপজেলাবন্দর, জেলা-নারায়ণগঞ্জ এর জন্য শূন্যপদে (১) অধ্যক্ষ-১ জন, (২) উপাধ্যক্ষ (নবসৃষ্ট পদ)-১ (৩) অফিস সহকারী কাম হিসাব সহকারী (নবসৃষ্ট পদ)-১ জন, (৪) অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর [(কম্পিউটারে দক্ষতা আবশ্যক) (নবসৃষ্ট পদ)-১ জন, (৫) নিরাপত্তাকর্মী (নবসৃষ্ট পদ)-১ জন, (৬) আয়া (নবসৃষ্টপদ)-১ জন আবশ্যক। ১ ও ২ নং পদের জন্য ১০০০/ - ৩, ৪, ৫ ও ৬ নং পদের জন্য -৫০০/ - অফেরতযোগ্য। পোস্টাল অর্ডারসহ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করুন। -সভাপতি।

সূত্র : ১৯/০৭/২০২২ যুগান্তর

নিয়োগ বিজ্ঞপ্তি
জামালগঞ্জ কলেজ, ডাক-জামালগঞ্জ, উপজেলাআক্কেলপুর, জেলা- জয়পুরহাট। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিক্ষা মন্ত্রণালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ২৮ মার্চ ২০২১ এর প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি নিয়োগ বিধি মোতাবেক অত্র কলেজের ল্যাব সহকারী (উদ্ভিদবিদ্যাপ্রাণিবিদ্যা) বিষয়ে ১ জন নিয়োগ দেওয়া হবে। বিজ্ঞান বিভাগে সংশ্লিষ্ট বিষয়সহ দ্বিতীয় বিভাগে এসএসসি/সমমান পাস হতে হবে) ১০০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরঅযোগ্য) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) বরাবর পূবালী ব্যাংক জামালগঞ্জ শাখা, জয়পুরহাট-এর অনুকূলে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের অনুলিপিসহ কাগজপত্র, পাসপোর্ট সাইজের ২ কপি ছবিসহ আবেদন আগামী ৩০/০৭/২০১২ ইং তারিখের মধ্যে অধ্যক্ষের কার্যালয়ে পৌঁছাতে হবে। অধ্যক্ষ ভারপ্রাপ্ত।

আবশ্যক

সূত্র : ১৯/০৭/২০২২ সমকাল

আবশ্যক
সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ ইং অনুযায়ী ইচাইল উচ্চ বিদ্যালয়, ডাকঘর-আলিমনগর, উপজেলা- ফুলবাড়িয়া, জেলা-ময়মনসিংহের জন্য শূন্যপদে সরকারি বিধিমোতাবেক ০১ জন সহকারী প্রধান শিক্ষক, ০১ জন নিরাপত্তাকর্মী, ০১ জন নৈশপ্রহরী ও ০১ জন অফিস সহায়ক আবশ্যক। আগ্রহী প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র ও ০২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ বিজ্ঞপ্তি প্রকাশের ২০ দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবরে আবেদন করতে হবে। -প্রধান শিক্ষক

সূত্র : ১৯/০৭/২০২২ সমকাল

আবশ্যক
সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ ইং অনুযায়ী মন্ডলবাড়ী উচ্চ বিদ্যালয়, ডাকঘরআলিমনগর, উপজেলা-ফুলবাড়িয়া, জেলাময়মনসিংহ এর জন্য সরকারি বিধিমোতাবেক শূন্যপদে ০১ জন নিরাপত্তাকর্মী ও ০১ জন অফিস সহায়ক আবশ্যক। আগ্রহী প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র ও ০২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ বিজ্ঞপ্তি প্রকাশের ২০ দিনের মধ্যে প্রধান শিক্ষক বরাবরে আবেদন করতে হবে। -প্রধান শিক্ষক।

সূত্র : ১৯/০৭/২০২২ সমকাল

আবশ্যক (২য় বার)
মোকারা যোবায়দা হামিদ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ডাকঘর : মোকার, নাঙ্গলকোট, কুমিল্লার জন্য সরকারি বিধিমোতাবেক ১। প্রধান শিক্ষক ০১ জন, ০২। অফিস সহকারী কাম হিসাব সহকারী ০১ জন, ০৩। নিরাপত্তাকর্মী ০১ জন, ০৪। পরিচ্ছন্নতাকর্মী ০১ জন, ০৫। নৈশপ্রহরী ০১ । জন, ০৬। আয়া ০১জন, ১৭। অফিস। সহায়ক ০১ জন করে আবশ্যক। বিজ্ঞপ্তি প্রকাশের ১৫দিনের মধ্যে আবেদন করুন । -সভাপতি।

সূত্র : ১৯/০৭/২০২২ সমকাল

আবশ্যক
